

ারিভ্রাসাইলিল জাহিলিয়্যাহ

বিভাগ/অধ্যায়ঃ ৫০. রসূলগণের উপর কিতাব নাযিল হওয়ার বিষয়টি অস্বীকার করা রচয়িতা/সঙ্কলকঃ শাইখ ড. ছলিহ ইবনে ফাওয়ান আল ফাওয়ান

রসূলগণের উপর কিতাব নাযিল হওয়ার বিষয়টি অস্বীকার করা

জাহিলদের কথা: আল্লাহ তা'আলার বাণী:

(مَا أَنْزَلَ اللَّهُ عَلَى بَشَرِ مِنْ شَيْءٍ) [الأنعام: 91]

আল্লাহ কোন মানুষের উপর কিছুই নাযিল করেননি (সূরা আন'আম ৬:৯১)।

.....

ব্যাখ্যা: ইয়াহুদীরা বলে, আল্লাহ তা'আলা বলেন,

(مَا أَنْزَلَ اللَّهُ عَلَى بَشَرٍ مِنْ شَيْءٍ) [الأنعام: 91]

আল্লাহ কোন মানুষের উপর কিছুই নাযিল করেননি (সূরা আন আম ৬:৯১)।

এর অর্থ হলো নাবী-রসূলগণের রিসালাত-বার্তা ও অহীকে সম্পূর্ণরূপে অস্বীকার করা। মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর প্রতি হিংসা করার কথা বলে জাহিলরা যে প্ররোচনা দেয়, সে ব্যাপারে আল্লাহ তা আলা তাদেরকে প্রত্যাখ্যান করেন। তিনি বলেন,

(قُلْ مَنْ أَنْزَلَ الْكِتَابَ الَّذِي جَاءَ بِهِ مُوسَى نُوراً وَهُدىً لِلنَّاسِ) [الأنعام: 91]

বল, কে নাযিল করেছে সে কিতাব, যা মূসা নিয়ে এসেছে মানবজাতির জন্য আলো ও পথনির্দেশস্বরূপ? (সূরা আন'আম ৬:৯১)।

এটা হলো ইয়াহুদীদের বিরোধিতা। আল্লাহ তা'আলা তাদেরকে অভিশাপ দেন। মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে হিংসা করতে তারা উদ্বুদ্ধ হয়। মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও কুরআনের কারণে সকল রসূল, কিতাবসমূহকে তারা মিথ্যা প্রতিপন্ধ করে। আমরা আল্লাহ তা'আলার নিকট এ থেকে আশ্রয় চাই। ভেবে দেখা দরকার যে, হিংসুকরা কি করেছিল? জাহমিয়্যাদের কথা হলো কুরআন আল্লাহর পক্ষ থেকে নাযিল হয়নি। আবার কেউ বলে, সুন্নাহ অহী নয় বরং তা রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কথা।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9032

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন